গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ

স্মারকঃ ০৫.৪৩.৭০১৮.০০০.০৪.০০১.১৭-৬৯৬ তারিখ : ০১.০৪.২০১৭ খ্রিঃ

## জলমহাল ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি সংগঠন/সমিতির অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ভোলাহাট উপজেলার ব্যবস্থাপনাধীন ইজারাযোগ্য ২০.০০ একর পর্যন্ত আয়তন বিশিষ্ট নিম্নবর্ণিত বদ্ধ জলমহাল/পুকুর সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ মোতাবেক আগামী ৩ (তিন) বছর অর্থাৎ ১৪২৪-১৪২৬ বঙ্গাব্দ মেয়াদে আগ্রহী নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সমিতি/সংগঠনের নিকট থেকে (যেখানে যা প্রযোজ্য) শর্ত সাপেক্ষে নির্ধারিত ফরমে আবেদনপত্র আহবান করা যাচ্ছে। নিম্নলিখিত তারিখ ও সময়ে আবেদনপত্র গ্রহণ ও ইজারা কার্যক্রম সম্পন্ন করা হবে।

| ১ম পর্যায় | | ২য় পর্যায় | | ২য় পর্যায় | |
|---|---|---|---|---|---|
| আবেদনপত্র বিক্রয়ের শেষ তারিখ | আবেদনপত্র দাখিলের শেষ তারিখ | আবেদনপত্র বিক্রয়ের শেষ তারিখ | আবেদনপত্র দাখিলের শেষ তারিখ | আবেদনপত্র বিক্রয়ের শেষ তারিখ | আবেদনপত্র দাখিলের শেষ তারিখ |
| ২৪.০৪.২০১৭ | ২৫.০৪.২০১৭ | ০৭.০৫.২০১৭ | ০৮.০৫.২০১৭ | ২১.০৫.২০১৭ | ২২.০৫.২০১৭ |

জলমহালের তালিকাঃ

| ক্রঃ নং | উপজেলার নাম | ইজারাযোগ্য জলমহাল/পুকুরের নাম, মৌজা ও হাল দাগ নং | | | জলমহালের আয়তন (একর) | বিগত ৩ (তিন) বছরের ইজারা মূল্য | ৫% বৃদ্ধিতে বার্ষিক সরকারি ইজারা মূল্য | ইজারা মেয়াদ |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | পুকুর/ জলাশয়ের নাম | মৌজা | হাল দাগ নং | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১. | ভোলাহাট | বন্দলা পুকুর | শিকারী/৭ | ৩৭২ | ০.৬২ | ১২,৭৪৫/- | ৪,২৪৮/- | ১৪২৪-১৪২৬ |
| ২. | ভোলাহাট | পলাশের পুকুর | জাগলবাড়ী | ৩০৯<br>৩১০ | ০.৬১ | ১,১৫৮/- | ৩৮৬/- | ১৪২৪-১৪২৬ |
| ৩. | ভোলাহাট | তেলীপাড়া | তেলীপাড়া | ৬৬০ | ০.৪৯ | ১৩,৮৯২/- | ৪,৬৩১/- | ১৪২৪-১৪২৬ |
| ৪. | ভোলাহাট | মধুপুর-১ | মধুপুর | ১২৩০ | ০.১৭ | ১,১৫৮/- | ৩৮৬/- | ১৪২৪-১৪২৬ |
| ৫. | ভোলাহাট | তেলিয়া পুকুর | বারইপাড়া | ২৬৪১ | ০.৬৩ | ৪০,৫৪১/- | ১৩,৫১৪/- | ১৪২৪-১৪২৬ |
| ৬. | ভোলাহাট | কুলি পুকুর | গোহালবাড়ী | ২৭৬৬ | ০.৯৫ | ১১,৯২৪/- | ৩,৯৭৫/- | ১৪২৪-১৪২৬ |
| ৭. | ভোলাহাট | দরগা | গোহালবাড়ী | ৩৬০৫ | ০.৬০ | ৭,৭১৮/- | ২,৫৭৩/- | ১৪২৪-১৪২৬ |
| ৮. | ভোলাহাট | সুন্দরাবাড়ী | খালেআলমপুর | ৬৮০ | ০.৭০ | ৩,৪৮১/- | ১,১৬০/- | ১৪২৪-১৪২৬ |
| ৯. | ভোলাহাট | মান্নান মাষ্টারের পুকুর | খালেআলমপুর | ৭৪৯ | ০.৯২ | ২,৮৯৪/- | ৯৬৫/- | ১৪২৪-১৪২৬ |
| ১০. | ভোলাহাট | নলডুবরী পুকুর | খালেআলমপুর | ৯৭৯ | ০.২৫ | ১,৩৯০/- | ৪৬৪/- | ১৪২৪-১৪২৬ |
| ১১. | ভোলাহাট | নিমতলা | গোহালবাড়ী | ৪৫৯৪ | ০.৮১ | ৪,৬৩১/- | ১,৫৪৪/- | ১৪২৪-১৪২৬ |
| ১২. | ভোলাহাট | তালতলা | ভবানীপুর | ১২৯৯ | ০.৮২ | ১৪,৪৭০/- | ৪,৮২৪/- | ১৪২৪-১৪২৬ |
| ১৩. | ভোলাহাট | রাঙ্গাপুকুর | গোহালবাড়ি | ৩০১২ | ০.৪৯ | ১,৪০৭/- | ৪৬৯/- | ১৪২৪-১৪২৬ |
| ১৪. | ভোলাহাট | কালোয়াতলা | মধুপুর | ১৬১২ | ০.৫১ | ১৩,৫২১/- | ৪,৫০৭/- | ১৪২৪-১৪২৬ |
| ১৫. | ভোলাহাট | বাসেদ মাষ্টারের পুকুর | মধুপুর | ১২৭২ | ০.৪০ | ১১,৬৩৪/- | ৩,৮৭৮/- | ১৪২৪-১৪২৬ |
| ১৬. | ভোলাহাট | মধুপুর-২ | মধুপুর | ৪৪৯ | ০.৭২ | ১১,৬৩৪/- | ৩,৮৭৮/- | ১৪২৪-১৪২৬ |
| ১৭. | ভোলাহাট | মধুপুর-৩ | মধুপুর | ৪৯৮ | ০.৭৪ | ১৪,৩৪১/- | ৪,৭৮১/- | ১৪২৪-১৪২৬ |
| ১৮. | ভোলাহাট | কালিতলা পুকুর | ভবানীপুর | ১৩৭৭ | ০.৫১ | ৮,১০৪/- | ২,৭০২/- | ১৪২৪-১৪২৬ |
| ১৯. | ভোলাহাট | লাশকাটা পুকুর | ভবানীপুর | ১৩৬৩ | ০.২৫ | ৫,৬৬৩/- | ১,৮৮৮/- | ১৪২৪-১৪২৬ |
| ২০. | ভোলাহাট | দিঘলী | ভবানীপুর | ১২৮৩ | ০.৪১ | ৪,০৭৮/- | ১,৩৬০/- | ১৪২৪-১৪২৬ |
| ২১. | ভোলাহাট | ছোট ভেওয়া | ভবানীপুর | ১২৫৮ | ৭.৪০ | ২,৫৬,৫৯৬/- | ৮৫,৫৩২/- | ১৪২৪-১৪২৬ |
| ২২. | ভোলাহাট | কুইচা পুকুর | বারইপাড়া | ৩২৫০<br>১৩২০ | ১.১৬ | ৩২,৪৮৩/- | ১০,৮২৮/- | ১৪২৪-১৪২৬ |
| ২৩. | ভোলাহাট | আদাতলা দামুস | আদাতলা | ১৫৬১ | ১.৪০ | ৬৫,৩২৪/- | ২১,৭৭৫/- | ১৪২৪-১৪২৬ |
| ২৪. | ভোলাহাট | জামুদ্দিমন্ডলের পুকুর | সমেসপুর | ৩৩২ | ০.৭৪ | ৪,৮৩৫/- | ১,৬১২/- | ১৪২৪-১৪২৬ |
| ২৫. | ভোলাহাট | বাইশা পুকুর | ভবানীপুর | ২১৫৫ | ০.৮৪ | ২৬,৩২১/- | ৮,৭৭৪/- | ১৪২৪-১৪২৬ |
| ২৬. | ভোলাহাট | ভুতপুকুর | খালেআলমপুর | ৭৪৯ | ০.৭২ | ১১,৬৫৫/- | ৩,৮৮৫/- | ১৪২৪-১৪২৬ |
| ২৭. | ভোলাহাট | ব্রাহ্মণখাল দাঁড়া | ব্রাহ্মণগ্রাম | ৮৮ | ৩.৩৫ | ৬৭,২৩৭/- | ২২,৪১৩/- | ১৪২৪-১৪২৬ |
| ২৮. | ভোলাহাট | ক্যাথার বাঁধ | আলালপুর | ১৫০ | ১.২৩ | ১০,১৭৫/- | ৩,৩৯২/- | ১৪২৪-১৪২৬ |

| ক্রঃ নং | উপজেলার নাম | ইজারাযোগ্য জলমহাল/পুকুরের নাম, মৌজা ও হাল দাগ নং | | | জলমহালের আয়তন (একর) | বিগত ৩ (তিন) বছরের ইজারা মূল্য | ৫% বৃদ্ধিতে বার্ষিক সরকারি ইজারা মূল্য | ইজারা মেয়াদ |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | পুকুর/ জলাশয়ের নাম | মৌজা | হাল দাগ নং | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| | | | | ১৫৪<br>১৫৭ | | | | |
| ২৯. | ভোলাহাট | - | মধুপুর | ১৪২২ | ০.১৯ | ১,৫০০/- | ৫৭৫/- | ১৪২৪-১৪২৬ |

শর্তাবলীঃ

১। আবেদনসমূহ নির্ধারিত মূল্য ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) (পে-অর্ডার/ব্যাংক ড্রাফট) প্রতিবার আবেদনপত্র দাখিলের পূর্ব কার্যদিবসে অফিস চলাকালীন নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে ক্রয় করা যাবে।

২। দাখিলকৃত আবেদনে প্রার্থিত জলমহালের বিগত তিন বছরের ইজারা মূল্য অপেক্ষা ৫% বর্ধিত না হলে আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

৩। নির্দিষ্ট জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত মৎস্যজীবী সমিতি/সমবায় সমিতি বা সমবায় অধিদপ্তর/সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত সমিতি বা সমবায় সমিতিসমূহ নির্দিষ্ট বা তীরবর্তী জলমহাল ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবে, কোন ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন আবেদন করতে পারবে না।

৪। নির্ধারিত ফরমে আবেদনপত্র দাখিলের সময় প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/সমিতিকে তাদের সদস্যদের নামের তালিকা (ছবি ও ঠিকানাসহ) এবং কার্যনির্বাহী কমিটির সদস্যদের নামের তালিকা (ছবি ও ঠিকানাসহ) সংযুক্ত করতে হবে।

৫। প্রকৃত মৎস্যজীবীদের সংগঠন স্থানীয় পর্যায়ে সমবায় অধিদপ্তর বা সমাজসেবা অধিদপ্তরে নিবন্ধিত হলে স্থানীয় জলমহাল ব্যবস্থাপনা বা ইজারায় অংশগ্রহণ করতে পারবে। তবে কোন সমিতিতে যদি কোন সদস্য যিনি বা কোন অনিবন্ধিত সমিতি কোন সরকারি জলমহাল বন্দোবস্ত পাওয়ার যোগ্য হবে না।

৬। আবেদনকারী কোন মৎস্যজীবী সংগঠন/সমিতি/ সমবায় সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন তাহলে উক্ত সমিতি জলমহাল বন্দোবস্তের অযোগ্য বিবেচিত হবে। আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/সমিতি যেগুলো বর্তমানে কার্যকর আছে তার প্রমাণস্বরূপ জেলা/উপজেলা সমবায়/সমাজসেবা কর্মকর্তা (যেখানে যা প্রযোজ্য) কর্তৃক প্রত্যয়নপত্র আবেদনপত্রের সঙ্গে দাখিল করতে হবে এবং সাথে বিগত ২ (দুই) বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে । তবে নতুন সংগঠন/সমিতির জন্য অডিট রিপোর্টের প্রয়োজন হবে না।

৭। যদি সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী প্রকৃত মৎস্যজীবী সংগঠন না পাওয়া যায়, তাহলে সেক্ষেত্রে অন্যান্য পার্শ্ববর্তী উপজেলা/জেলা মৎস্যজীবী সংগঠন/সমিতি জলমহাল বন্দোবস্ত পাওয়ার জন্য আবেদন করতে পারবে।

৮। লীজ গ্রহীতা কোন মৎস্যজীবী সংগঠন/সমবায় সমিতি তাদের নামে লীজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাব-লীজ অথবা অন্য কোন ব্যক্তি/গোষ্ঠীকে হস্তান্তর করতে পারবে না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবে না। যদি তা করে থাকে, তাহলে নিম্নস্বাক্ষরকারী উক্ত লীজ বাতিল করবেন এবং জমাকৃত লীজমানি সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। উক্ত লীজ গ্রহীতা মৎস্যজীবী সংগঠন/সমিতি পরবর্তী বছর জলমহাল বন্দোবস্ত সংক্রান্ত কোন আবেদন করতে পারবে না।

৯। কোন মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন/সমিতি দুটির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত পাবে না।

১০। নিম্নস্বাক্ষরকারী কর্তৃক বিজ্ঞপ্তিতে অন্তর্ভুক্ত সংশ্লিষ্ট জলমহালের ইজারা মূল্যের ২০% ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জামানত হিসেবে আবেদনের সাথে দাখিল করতে হবে। লীজপ্রাপ্ত সমিতির শেষ বছরের লীজমানির সাথে উক্ত টাকা সমন্বয় করা হবে। লীজপ্রাপ্ত হয়নি এমন সমিতির ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ফেরত প্রদান করা হবে।

১১। ইজারা মূল্যের উপর সরকারের নির্ধারিত হারে ১৫% ভ্যাট ও ৫% আয়কর লীজমানির সাথে প্রদান করতে হবে।

১২। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ ও বর্ণিত অন্যান্য শর্তাবলী এবং সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত বিধি-বিধান ইজারাদার মেনে চলতে বাধ্য থাকবে।

১৩। উপরোক্ত নির্ঘণ্ট মোতাবেক ১ম পর্যায়ে কোন আবেদন ফরম পাওয়া না গেলে ২য় পর্যায়ে আবেদন ফরম গ্রহণ করা হবে। ২য় পর্যায়ে কোন আবেদন ফরম পাওয়া না গেলে ৩য় পর্যায়ে আবেদন ফরম গ্রহণ করা হবে। ১ম, ২য়, ৩য় পর্যায়ের মধ্যে যে কোন পর্যায়ে আবেদন ফরম পাওয়া যাবে তার পরের পর্যায়ে আর কোন আবেদন ফরম গ্রহণ করা হবে না।

১৪। জলমহাল ও জলমহালের ইজারা সংক্রান্ত অন্যান্য শর্তাদিসহ যে কোন বিষয় এ অফিসে জানা যাবে।

১৫। ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং ইজারা বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৯/০৪/২০১৭

(মোঃ শফিকুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার অঃ দাঃ)
ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ
ফোন# +৮৮০৭৮২২-৫৬০০১

স্মারকঃ ০৫.৪৩.৭০১৮.০০০.০৪.০০১.১৭- ৩৯৩ | তারিখ :০৯.০৪.২০১৭ খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য—

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৪৪ চাঁপাইনবাবগঞ্জ ২

২। জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ

৩। সিভিল সার্জন, চাঁপাইনবাবগঞ্জ

৪। পুলিশ সুপার, চাঁপাইনবাবগঞ্জ

৫। উপ-পরিচালক, যুব উন্নয়ন, চাঁপাইনবাবগঞ্জ

৬। জেলা মৎস্য অফিসার, চাঁপাইনবাবগঞ্জ

৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ

৮। মেয়র, চাঁপাইনবাবগঞ্জ/শিবগঞ্জ/রহনপুর/নাচোল, চাঁপাইনবাবগঞ্জ

৯। উপজেলা নির্বাহী অফিসার, গোমস্তাপুর/নাচোল/শিবগঞ্জ/চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ

অনুলিপিঃ অবগতি ও বহুল প্রচারের জন্য—

১০। সহকারী কমিশনার (ভূমি), ভোলাহাট/গোমস্তাপুর/নাচোল/শিবগঞ্জ/চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ

১১। উপজেলা ...................................................... অফিসার, ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ

১২। সাব-রেজিস্ট্রার, ভোলাহাট/গোমস্তাপুর/নাচোল/শিবগঞ্জ/চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ

১৩। চেয়ারম্যান, .................................... (সকল) ইউপি ও বিআরডিবি, ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ

১৪। ব্যবস্থাপক, ............................................... ভোলাহাট শাখা, চাঁপাইনবাবগঞ্জ

১৫। পোষ্ট মাষ্টার, ভোলাহাট/গোমস্তাপুর/নাচোল/শিবগঞ্জ/চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ

১৬। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ................................ ইউনিয়ন, ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ

১৭। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, ..........................................................................................................

১৮। ইজারাদার/সভাপতি/সম্পাদক, ..........................................................................................................

১৯। ওয়েব পোর্টাল, ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ

২০। নোটিশ বোর্ড

০৯/০৪/২০১৭

উপজেলা নির্বাহী অফিসার
ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ
ফোন# +৮৮০৭৮২২-৫৬০০১